

## বিশ্বকাপ ফুটবল ট্রফি এখন ঢাকায়

- A Monitor Desk Report

Date: 14 January, 2026



ঢাকাঃ ফিফা বিশ্বকাপ ট্রফির বিশ্ব ভ্রমণের অংশ হিসেবে ঢাকায় এসে পৌঁছেছে ফুটবল বিশ্বকাপ ট্রফি। এ সফরে ফিফার প্রতিনিধি হয়ে এসেছেন ব্রাজিলের ২০০২ বিশ্বকাপ জয়ী দলের মিডফিল্ডার গিলবার্তো সিলভা।

বিমানবন্দর থেকে ট্রফি নিয়ে যাওয়া হবে হোটেল রেডিসনে। সেখানে ফুটবল ফেডারেশন ও ফুটবল সংশ্লিষ্ট ব্যক্তিরা ছবি তোলার সুযোগ পাবেন।

এছাড়া ফিফার স্পন্সর কোকাকোলার ক্যাম্পেইনে বিজয়ীরাও পাবেন এই বিশেষ সুযোগ।

এ নিয়ে চতুর্থ বারের মতো বাংলাদেশে আসলো বিশ্বকাপ ট্রফি। প্রথমবার ২০০২ সালে জাপান-কোরিয়া বিশ্বকাপের সময় এটি এসেছিল দেশে। এরপর ২০১৩ ও ২০২২ সালে বিশ্ব ভ্রমণের সময় ট্রফি আসে বাংলাদেশে।

-B